

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫০০

পরিচ্ছেদঃ ৭. ছয় মাসের মেষকে (ভেড়া, দুম্বা, ছাগল) কুরবানী করা প্রসঙ্গে

باب مَا جَاءَ فِي الْجَذَعِ مِنَ الضَّأْنِ فِي الأَضَاحِي

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ، عَنْ أَبِي الْخَيْرِ، عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم أَعْطَاهُ غَنَمًا يَقْسِمُهَا عَلَى أَصِحَابِهِ ضَحَايًا فَبَقِيَ عَتُودٌ أَوْ جَدْى قَذَكَرْتُ ذَلِكَ لِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ "ضَحِّ بِهِ أَنْتَ ". عَتُودٌ أَوْ جَدْى قَذَكَرْتُ ذَلِكَ لِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ "ضَحِّ بِهِ أَنْتَ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . قَالَ وَكِيعٌ الْجَذَعُ مِنَ الضَّأْنِ يَكُونُ ابْنَ سِتَّةِ أَقْ هُرٍ .

وَقَدْ رُوِيَ مِنْ، غَيْرِ هَذَا الْوَجْهِ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ، أَنَّهُ قَالَ قَسَمَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ " صَبَحِّ بِهَا عليه وسلم ضَحَايًا فَبَقِيَ جَذَعَةُ فَسَأَلْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَ " صَبَحِّ بِهَا عَليه وسلم فَقَالَ " حَدَّثَنَا هِشَامٌ أَنْتَ " . حَدَّثَنَا بِذَلِكَ مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ وَأَبُو دَاوُدَ قَالاَ حَدَّثَنَا هِشَامٌ الدَّسْتَوَائِيُّ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ بَعْجَةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ بَدْرٍ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ عَنِ النَّهِ بْنِ بَدْرٍ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ عَن النَّهِ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ بَعْجَةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ بَدْرٍ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ عَن الله عليه وسلم بهذَا الْحَدِيثِ .

বাংলা

১৫০০। উকবা ইবনু আমির (রাঃ) হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে কয়েকটি ছাগল দিলেন কুরবানীর উদ্দেশ্যে তার সাহাবীদের মধ্যে বিলিয়ে দেওয়ার জন্য। বিলিয়ে দেওয়ার পর ছয় মাস বা এক বছর বয়সের একটি বাচ্চা রয়ে গেল। আমি রাসূলুল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বিষয়টি জানালে তিনি বললেন, তুমিই এটাকে কুরবানী কর।

সহীহ, ইবনু মা-জাহ (৩১৩৮)

এ হাদীসটিকে আবূ ঈসা হাসান সহীহ বলেছেন। ওয়াকী বলেছেন, এক বৎসর অথচ সাত মাসের বাচ্চাকে



জাযাআ' বলে।

অন্য সূত্রে উকবা ইবনু আমির (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম (সাহাবীদের মধ্যে) কুরবানীর পশু বন্টন করে দিলেন। একটি ছয় মাস বয়সের বাচ্চা রয়ে গেলে আমি (এ প্রসঙ্গে) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করলাম। তিনি বললেনঃ তুমিই এটাকে কুরবানী কর। এটা বর্ণনা করেছেন মুহাম্মাদ ইবনু বাশশার ইয়াযীদ ইবনু হারুন ও আবূ দাউদ কাসীর হতে, বাজাহ ইবনু আব্দুল্লাহ ইবনু বাদর হতে, তিনি উকবা ইবনু আমির হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে।

English

Narrated 'Uqbah bin 'Amir:

That the Messenger of Allah (ﷺ) gave him sheep to distribute among his Companions as a sacrifice. "There remained a young male kid or a young billy goat, so I mentioned that to the Messenger of Allah (ﷺ) and he said: 'Sacrifice it for yourself.'" Waki' said: "The Jadha' among sheep is seven or six months."

It has been reported that 'Uqbah bin Amir said:

"The Prophet (ﷺ) distributed the sacrificial animals and I was left with a Jadha', so I asked the Prophet (ﷺ) about it and he said: 'Sacrifice it for yourself.'" (Another chain) with this Hadith.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন